# ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুশ্তাক আহমাদ কারীমী

## ব্যাংকের পরিচিতি

BANK শব্দটি ইটালী ভাষার BANCO শব্দ থেকে উদ্ভুত। যার অর্থ হল DESK (ডেস্ক্) অথবা TABLE (টেবিল)। যেহেতু সে যুগের লোকেরা টাকাপয়সার অনুরূপ কারবারকারীরা ডেস্ক্ অথবা টেবিল নিয়ে বসত, তাই তার নাম BANK বলে প্রসিদ্ধ হয়ে যায়।

ব্যাংক এমন এক বাণিজিক-প্রতিষ্ঠানের নাম; যে জনসাধারণের অর্থ নিজের কাছে জমা ও সঞ্চয় করে ব্যবসায়ী, শিল্পপতি এবং অন্যান্য অভাবী ব্যক্তিদেরকে প্রয়োজনে ঋণ সরবরাহ করে থাকে। বর্তমানে গতানুগতিক ব্যাংকগুলো ঐ ঋণের উপর সূদ আদায় করে এবং টাকা জমাকর্তা জনসাধারণকে তুলনামূলক কম হারে সূদ প্রদান করে থাকে। মাঝখানে যে অর্থ অবশিষ্ট থাকে তা হল ব্যাংকের লাভ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4533

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন